



গতকাল শনিবার এসএসসি'র পরীক্ষার প্রথম দিনে খিলগাঁও সরকারী হাইস্কুলে মেয়েদের ও সিলেট শহুরী হাইস্কুলে ছেলেদের পরীক্ষা দিতে দেখা যাচ্ছে।

এস এস সি পরীক্ষা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল শনিবার থেকে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা শুরু হয়েছে। ৪টি পৃথক বোর্ডের অধীনে এলাকা ৬৬ হাজার ৫শ' ১৩ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিয়েছে। পরীক্ষার প্রথম দিনে দেশের কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে পরীক্ষায় অসাব্যতা অবলম্বনের অভিযোগে (৭-এর পাতায় দেখুন)

এসএসসি পরীক্ষা শুরু (১ম পাতার পর)

এ রিপোর্ট লেখা পর্যন্ত বিভিন্ন কেন্দ্র থেকে ৯৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। এছাড়া অসাব্যতা অবলম্বনে সহায়তা করার জন্য ৩ জন শিক্ষককেও বহিষ্কার করা হয়েছে। ঈশ্বরদীতে পরীক্ষার্থীদের নকল সরবরাহ করার অভিযোগে ১৫ জনকে পুলিশ গ্রেফতার করেছে।

শিক্ষানবীর কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

বাগস জানায়:- শিক্ষানবী মাহবুবুর রহমান গতকাল শনিবার ঢাকা ও জয়দেবপুরে বিভিন্ন এস. এস. সি পরীক্ষা কেন্দ্র দেখতে যান।

মন্ত্রী সকল পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হতে দেখেন ও এতে সন্তোষ প্রকাশ করেন।

মন্ত্রী যেসব পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন তার মধ্যে ছিল ওয়েস্ট এণ্ড হাইস্কুল, অগ্রণী বালিকা বিদ্যালয়, গভ: ল্যাবরেটরী হাইস্কুল এবং জয়দেবপুরের রানী বিনাসমনি হাইস্কুল।

পরে জয়দেবপুরের কাজী আজিমুদ্দিন কলেজের ছাত্র ও শিক্ষকদের উদ্দেশে ভাষণদানকালে মন্ত্রী শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন।

মুন্সীগঞ্জ

মুন্সীগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ফোনে জানান, গতকাল শনিবার মুন্সীগঞ্জের সিরাজদিখান পাটলট হাইস্কুল ও নৌহাট হাইস্কুল কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৬ জন এসএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলার বিভিন্ন কেন্দ্রে এবার মোট ৫ হাজার ৪শ' ৩৪ জন পরীক্ষার্থী পরীক্ষার অংশ নিয়েছে।

বাগেরহাট

বাগেরহাট থেকে আমাদের সংবাদদাতা ফোনে জানান, গতকাল শনিবার এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে বাগেরহাট জেলার বিভিন্ন কেন্দ্রে ১৭ জন পরীক্ষার্থী ও ৩ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে নোরেলগঞ্জ কেন্দ্র থেকে ২ জন শিক্ষক ও ১১ জন পরীক্ষার্থী, ফয়লাহাটে ১ জন শিক্ষক ও ৩ জন পরীক্ষার্থী, বামপাল কেন্দ্র থেকে ১ জন ও চিতলমারি কেন্দ্র থেকে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

কুষ্টিয়া

কুষ্টিয়া থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, এসএসসি পরীক্ষার প্রথম দিনে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষায় কুষ্টিয়া সদরে আজ ৩১ জনকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ৭ জন ছাত্রীও রয়েছে।

কুষ্টিয়া জেলার ৬টি উপজেলায় মোট ৯টি পরীক্ষা কেন্দ্রে ১৭২৫ জন ছাত্রছাত্রী এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে।

চাপাইনবাবগঞ্জ

চাপাইনবাবগঞ্জ থেকে আমাদের সংবাদদাতা ফোনে জানান, জেলার ৯টি কেন্দ্রে গতকাল শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষার প্রথম দিন অতিবাহিত হয়েছে। মোট ২ হাজার ৮শ' ১০ জন পরীক্ষার্থী এবার এই পরীক্ষায় অংশ নিয়েছে। অসদুপায় অবলম্বনের অভিযোগে ৬টি কেন্দ্র থেকে ৩৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গোপালগঞ্জ

গোপালগঞ্জ থেকে আমাদের সংবাদদাতা এক ভারবর্তীয় জানান, অসদুপায় অবলম্বনের অভিযোগে এখানে ৩ জন এসএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা

১ হাজার ২২। এর মধ্যে ছাত্রীর সংখ্যা ৩শ' ৯৬।

গৌরীপুর

গৌরীপুর থেকে নিজস্ব সংবাদদাতা এক ভারবর্তীয় জানান, শান্তিপূর্ণভাবে এখানে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৩৭২ জন ছাত্রীসহ ১ হাজার ২শ' ৩৮ জন পরীক্ষায় অংশ নিয়েছে।

ঈশ্বরদী

ঈশ্বরদী থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানান, এসএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল শনিবার ঈশ্বরদী সারা মারোয়ারী উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার ও নকল সরবরাহের অভিযোগে ১৫ জনকে গ্রেফতার করা হয়েছে। ঈশ্বরদীতে মোট ৮শ' ৯৫ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে।